

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী

|            |   |
|------------|---|
| সভাপতি     | মোঃ হাসানুল ইসলাম, এনডিসি<br>সচিব (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ | ১৪ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ   |
| সভার সময়  | বেলা ১২.০০ মিনিট  |
| স্থান      | শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ  |
| উপস্থিতি   | পরিশিষ্ট 'ক'  |

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বাস্তবায়ন করছে। সভাপতির নির্দেশক্রমে সিনিয়র সহকারী সচিব ও এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমান সভাটি সঞ্চালনা করেন। তিনি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। তিনি আরো জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই'২০২০-সেপ্টেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। উল্লিখিত প্রতিবেদনটির খসড়া পর্যালোচনা ও অনুমোদন করার জন্য সভা আহ্বান করা হয়েছে। পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই'২০২০-সেপ্টেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদনের খসড়া নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই'২০২০-সেপ্টেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে;
- ৩.২ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা এবং অধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থা হতে উত্তম চর্চার তালিকা আহ্বান করা হবে এবং প্রাপ্ত উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;
- ৩.৩ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী এ বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা হতে নথির তালিকা প্রণয়ন করতে হবে এবং গ্রেপি বিন্যাস অনুযায়ী নথি বিনষ্ট করতে হবে। পাশাপাশি অধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকেও এ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- ৩.৪ অধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থাকে মাসিক Activity Execution Calender প্রণয়ন করতে হবে এবং সে অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
সচিব (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা  
মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২০.১১১

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
- ৩) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

মোঃ ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)